
২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল তফসিলী ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ


২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ১৫,৯৯৫.৩৭ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ঋণ ও মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ১৩,৫৬৩.১৮ কোটি টাকা এবং ২,৪৩২.১৯ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ে কৃষিভিত্তিক শিল্পে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ১৩,০১২.৯৬ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ১০,৩৯০.০৫ কোটি টাকা এবং মেয়াদি ঋণের পরিমাণ ২,৬২২.৯১ কোটি টাকা। ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে বিগত ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ ও মোট ঋণ বিতরণ যথাক্রমে ৩০.৫৪% ও ২২.৯২% বৃদ্ধি পেলেও মেয়াদি ঋণ ৭.২৭% হ্রাস পেয়েছে।

চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫	১০,৩৯০.০৫	২,৬২২.৯১	১৩,০১২.৯৬
জুলাই-ডিসেম্বর, ২০১৫-১৬	১৩,৫৬৩.১৮	২,৪৩২.১৯	১৫,৯৯৫.৩৭

চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-ডিসেম্বর, ২০১৫-১৬




আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ১৫,৯৯৫.৩৭ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩৪৪.৩৮ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ১২,১২২.১৩ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ২,৯৯০.১৯ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ৫৩৮.৬৭ কোটি টাকা বিতরণ করেছে। মোট ঋণ বিতরণের মধ্যে ব্যাংকের ধরণ হিসেবে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২.১৫%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৫.৭৯%, বিদেশি ব্যাংকসমূহ ১৮.৬৯%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ৩.৩৭% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)

২. ঋণ আদায়


২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে ১৫,৭০৬.৭৬ কোটি টাকা আদায় হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে আদায়কৃত ঋণের পরিমাণ ছিল ১৩,৬২২.৬১ কোটি টাকা যার তুলনায় ২০১৫-১৬ অর্থবছরে জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণ আদায় ১৫.৩০% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)

চিত্র ৩: আদায়কৃত ঋণের তুলনামূলক চিত্র



২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট আদায়কৃত ১৫,৭০৬.৭৬ কোটি টাকার মধ্যে ব্যাংকের ধরণ ভেদে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২,৭৭১.৭৬ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৯,২১৪.১০ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ৩,১৯১.৩৩ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ৫২৯.৫৭ কোটি টাকা আদায় করেছে। চিত্র ৪ এ ব্যাংকের ধরণ ভেদে কৃষিভিত্তিক শিল্প খাতে ঋণ আদায় পরিস্থিতি তুলে ধরা হয়েছে। চিত্র ৪ মোতাবেক ২০১৫-১৬ অর্থবছরে জুলাই-ডিসেম্বর সময়ে আদায়কৃত ১৫,৭০৬.৭৬ কোটি টাকার মধ্যে ১৭.৬৫% রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, ৫৮.৬৬% বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, ২০.৩২% বিদেশি ব্যাংক এবং অবশিষ্ট ৩.৩৭% বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক আদায়কৃত।


চিত্র ৪: ব্যাংকের ধরণ ভেদে আদায় পরিস্থিতি, জুলাই-ডিসেম্বর, ২০১৫-১৬



৩. বকেয়া ঋণস্থিতি


২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট বিতরণকৃত ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৩৩,০০২.৮০ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন ঋণ খাতে বকেয়া স্থিতি ২২,১৯৮.৩৮ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ১০,৮০৪.৪২ কোটি টাকা। ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৯,২৩৯.৪৯ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১৯,৯৪০.৯৯ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া স্থিতির পরিমাণ ৯,২৯৮.৫০ কোটি টাকা। আলোচ্য ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদি ঋণ এবং মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ১১.৩২%, ১৬.২০% এবং ১২.৮৭% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৫ দ্রষ্টব্য)

চিত্র ৫ বকেয়া ঋণস্থিতির তুলনামূলক চিত্র



২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট বকেয়া স্থিতির ৩৩,০০২.৮০ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৬,৯০৭.৪৪ কোটি টাকা বা ২০.৯৩%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ২০,০৮৪.৭৩ কোটি টাকা বা ৬০.৮৫%, বিদেশি ব্যাংকসমূহের ২,২৫৬.২২ কোটি টাকা বা ৬.৮৪% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩,৭৫৪.৪১ কোটি টাকা বা ১১.৩৮%। (চিত্র-৬ দ্রষ্টব্য)


চিত্র ৬: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-ডিসেম্বর, ২০১৫-১৬



৪. শ্রেণিকৃত ঋণস্থিতি


২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের পরিমাণ ৩,১০২.৭৬ কোটি টাকা। ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের পরিমাণ ছিল ২,২৪৫.৫৪ কোটি টাকা যা ২০১৫-১৬ অর্থবছর শেষে ৩৮.১৭% বৃদ্ধি পেয়েছে। ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির উপর শ্রেণিকৃত ঋণের হার ৯.৪০% যা বিগত ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে ছিল ৭.৬৮%। জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময়ের তুলনায় জুলাই-ডিসেম্বর, ২০১৫-১৬ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ১.৭২ Percentage Point বৃদ্ধি পেয়েছে। (চিত্র-৭ দ্রষ্টব্য)

চিত্র ৭: শ্রেণিকৃত ঋণের তুলনামূলক চিত্র



২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতি মোট ৩,১০২.৭৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১,২০০.৯৩ কোটি টাকা বা ৩৮.৭১%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭৫৭.০৮ কোটি টাকা বা ২৪.৪০%, বিদেশি ব্যাংকসমূহের ৯.৩৫ কোটি টাকা বা ০.৩০% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ১,১৩৫.৪০ কোটি টাকা বা ৩৬.৫৯%। (চিত্র ৮ দ্রষ্টব্য)

চিত্র ৮: ব্যাংকের ধরণভেদে শ্রেণিকৃত ঋণস্থিতি, জুলাই-ডিসেম্বর, ২০১৫-১৬



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১৫-২০১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণের হার যথাক্রমে ১৭.৩৯% এবং ৩০.২৪% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় বেশি।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা


(কোটি টাকায়)

ব্যাকের ধরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণিকৃত ঋণস্থিতি	শতকরা হার
রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৬,৯০৭.৪৪	১,২০০.৯৩	১৭.৩৯%
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক	২০,০৮৪.৭৩	৭৫৭.০৮	৩.৭৭%
বিদেশি ব্যাংক	২,২৫৬.২২	৯.৩৫	০.৪১%
বিশেষায়িত ব্যাংক	৩,৭৫৪.৪১	১,১৩৫.৪০	৩০.২৪%
মোট	**৩৩,০০২.৮০**	**৩,১০২.৭৬**	**৯.৪০%**

৫. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ের সঙ্গে ২০১৫-১৬ অর্থবছরের একই সময়ের তুলনা করলে দেখা যায় ঋণ বিতরণ, আদায়, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির পরিমাণ যথাক্রমে ২২.৯২%, ১৫.৩০%, ১৪.৯৪% এবং ৩৮.১৭% বৃদ্ধি পেয়েছে।

চিত্র ৯: ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ের কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



২০১৫-১৬ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির উপর শ্রেণিকৃত ঋণের হার ৯.৪০% যা বিগত ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে ছিল ৭.৬৮%। জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময়ের তুলনায় জুলাই-ডিসেম্বর, ২০১৫-১৬ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ১.৭২ Percentage Point বৃদ্ধি পেয়েছে। ব্যাংকের ধরণের ভিত্তিতে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৭.৩৯%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩.৭৭%, বিদেশি ব্যাংকসমূহের ০.৪১% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩০.২৪%।

চিত্র ১০ এ সর্বশেষ ৪ অর্থবছরসহ জুলাই-ডিসেম্বর, ২০১৫-১৬ ত্রৈমাসিকের কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা বিধৃত হয়েছে। বর্ণিত চিত্র হতে দেখা যায় কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির প্রবৃদ্ধিতে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত ধনাত্মক ধারা বিরাজমান রয়েছে। ক্রমবর্ধমান বকেয়া স্থিতির প্রেক্ষিতে শ্রেণীকৃত ঋণের পরিমানেও উর্ধ্বমুখী ধারা পরিলক্ষিত হয়। ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের চলতি মূলধন ঋণ অংশ এ খাতে বকেয়া ঋণস্থিতির যথাক্রমে ৭০.০৯%, ৬৭.১৯%, ৬৯.২৭% ও ৭০.৩০% অর্থাৎ কৃষিভিত্তিক শিল্প খাতে মেয়াদি ঋণের তুলনায় চলতি মূলধন ঋণের প্রবাহ অধিক, যা প্রতিষ্ঠানের মূখ্য ব্যয় ও পরিচালনা ব্যয় নির্বাহে কার্যকরী উৎস হিসেবে ভুমিকা রাখছে।

চিত্র ১০: কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা

